[redacted]

[redacted]

জেনারেল হাসপাতাল রেফার্ড করে। পরে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।
তৌহিদের মা মেরিনা খাতুন জানান, আসামিরা এলাকায় প্রভাবশালী এবং বিভিন্নভাবে তাদের ভয়ভীতি দেখাচ্ছে। আমি এ ঘটনার সুষ্ঠ বিচার চাই।

তবে, অভিযুক্ত সেনাসদস্য সাজিদ আহসানের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলেও কথা বলা সম্ভব হয়নি।

মুজিবনগর থানার ওসি মিজানুর রহমান বলেন, সেনাসদস্যর বিষয়ে সেনানিবাসে চিঠি পাঠানো হয়েছে। মামলার তদন্তকারী কর্মকর্তা তদন্ত করছেন। তদন্ত শেষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৭

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৭ আসামি গ্রেফতার হয়েছে।মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৭ আসামি গ্রেফতার হয়েছ ওটা

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে ২ জন, সদর থানা পুলিশের অভিযানে ২ জন ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ৩ আসামি রয়েছে।

বৃহস্পতিবার দিবাগত রাত থেকে আজ শুক্রবার (২১ মার্চ) ভোররাত পর্যন্ত জেলার তিনটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে গ্রেফতারকৃতরা হলো, মেহেরপুর শহরের ফুলবাগান পাড়ার মাসুদ বিশ্বাসের ছেলে

মোঃ সামিউল আজীম রাজা (২৩), সদর উপজেলার বাজিতপুর গ্রামের মৃত জালাল শেখের ছেলে বাবলু হোসেন (৪৪), মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের শহিদুল ইসলামের ছেলে মোঃ সেলিম মল্লিক (৩২) ও মোঃ স্বাধীন মল্লিক (মা মলা নং ১০(৩)২৫), শিবপুর গ্রামের দাউদ

সরদারের ছেলে মোঃ মোরাদ হোসেন ওরফে লাল্টু (৪৪) মামলা নং ১১(৩)২৫ এবং গাংনী উপজেলার আযান গ্রামের ফজলু রহমানের ছেলে হৃদয় হোসেন (২৪) ও এলাঙ্গী গ্রামের জামাত আলীর ছেলে সবুজ আলী (২৮)।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবাহ উদ্দিন, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান অভিযানের নেতৃত্ব দেন।

মেহেরপুর পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম পিপিএম এ তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের আজ শুক্রবার (২১ মার্চ) দুপুরে আদালতে নেয়া হয়েছে।

মুজিবনগরে এএসসি পরিক্ষার্থীদের বাড়িতে ইউএনও

মুজিবনগরে আসন্ন এসএসসি, দাখিল ও সমমান পরীক্ষা উপলক্ষে শিক্ষার্থীদের খোঁজখবর নিতে এবং তাদের পড়াশোনার অগ্রগতির খোঁজখবর নিতে শিক্ষার্থীদের বাড়ি পরিদর্শন করেছেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

এ সময় তিনি শিক্ষার্থীদের অভিভাবকদের সাথে কথা বলেন এবং তাদের সন্তানদেরকে পড়াশোনা করার জন্য উৎসাহ প্রদান করতে বলেন।

নির্বাহী অফিসার বলেন, আপনারা হলেন আপনার সন্তানদের আদর্শ শিক্ষক আপনারা যদি সন্তানদের পড়াশোনার প্রতি অবহেলা করেন তাহলে আপনার সন্তানরা কখনোই ভালো রেজাল্ট করতে পারবে না। তাই আপনারা আপনাদের সন্তানদের প্রতি যত্নশীল হবেন। তাদেরকে পড়াশোনার সময় মোবাইল ব্যবহার করতে দিবেন না অযথা বাইরে ঘোরাঘুরি করতেন দিবেন না। সবসময় সন্তানদের চলাফেরার পথে নজর রাখবেন আর তাদেরকে উৎসাহিত করবেন।

তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন তোমরা জাতির ভবিষ্যৎ তোমরা

শিক্ষিত হলে জাতি শিক্ষিত হবে। একটি আদর্শ সমাজ গঠন সহজ হবে। তুমি যদি ভালো রেজাল্ট করো তোমার পিতা মাতার মর্যাদা বাড়বে তোমার স্কুল এবং স্কুলের শিক্ষকদের সম্মান এবং মর্যাদা বাড়বে। তাই কয়েক দিন সময় আছে তোমরা ভালো করে পড়াশোনা করো এবং ভালো রেজাল্ট করো এই প্রত্যাশা আমি করি তোমাদের চলার পথে কোন সমস্যা হলে তোমার শিক্ষকদের মাধ্যমে আমার কাছে বলবে। আমি সবসময় তোমাদের পাশে আছি। যে কোন প্রয়োজনে আমার কাছে আসবে আমি তোমাদের প্রয়োজন মিটানোর চেষ্টা করব।

এ সময় তিনি এসএসসি পরীক্ষার্থী শিক্ষার্থীদের উপজেলা প্রশাসনের পক্ষ থেকে কিছু উপহার সামগ্রী প্রদান করেন।

এ সময় নির্বাহী অফিসারের সাথে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম।

মুজিবনগরের মোনাখালিতে ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালি ইউনিয়নের ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে মোনাখালি ইউনিয়নের আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুরে এ সম্মেলন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

মোনাখালি ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রাইহান কবির সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য হাজী মশিউর রহমান।

মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলামের সঞ্চালনায় এছাড়াও এসময় জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক এস এম সালাউদ্দীন, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান বিকু,

উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক সাইফুল ইসলামসহ মোনাখালি ইউনিয়নের ৪,৫ ও নং ওয়ার্ডের বিএনপির নেতা কমীবৃন্দ।

সম্মলনে বিএনপির সাধারণ কর্মীদের মতামতের ভিত্তিতে মোনাখালি ইউনিয়নের বিশ্বনাথপুর ৪ নং ওয়ার্ড বিএনপির সভাপতি হিসাবে সিরাজুল ইসলাম, সিনিয়র সহ-সভাপতি সাহাবুদ্দীন, সাধারণ সম্পাদক বাদশা মিয়া, সাংগঠনিক সম্পাদক বাবলুর রহমান নির্বাচিত হন।

৫ নং ওয়ার্ড শিবপুরের সভাপতি মিয়ারুল ইসলাম গাজী, সিনিয়র সহ-সভাপতি মোমিন, সাধারণ সম্পাদক আ: কুদ্দুস, সাংগঠনিক সম্পাদক মুক্তি রহমান (ভনা) নির্বাচিত হন।

৬ নং ওয়ার্ড শিবপুর সভাপতি হিসাবে গরিবুল্লাহ সরদার, সিনিয়র সহ-সভাপতি মিনারুল ইসলাম, সাধারণ সম্পাদক আমজাদ বিশ্বাস এবং সাংগঠনিক সম্পাদক কামরুল গাজী নির্বাচিত হন।

মেহেরপুরে পুলিশের অভিযানে দুই আসামি গ্রেফতার

মেহেরপুরের মুজিবনগরে পুলিশের বিশেষ অভিযানে দুইজন আসামিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল মঙ্গলবার রাত ১২টার পর থেকে মেহেরপুরে জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এই দুইজন আসামিকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের মোঃ আরজুল্লা মল্লিকের ছেলে মোঃ জুলফিকার মল্লিক (৫৫), (জিআর-৫৯/২৩) ও মহাজনপুর গ্রামের মোঃ মিনারুল মন্ডলের ছেলে মোঃ শাহিন রেজা (৩৩), (মামলা নং ৯(৩)২৫, নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধনী ২০০৩)।

এই মামলার ভিকটিম মোঃ মোরশেদ আলমের মেয়ে রুহি খন্দকারকে পুলিশ কর্তৃক উদ্ধার করা হয়েছে। এবং গ্রেফতারকৃতদের আদালতে পাঠানো হয়েছে।

জেলা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে যে, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

মুজিবনগরের দারিয়াপুরে জামায়াতে ইসলামীর ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মুজিবনগরের দারিয়াপুর ইউনিয়ন জামায়াত ইসলামীর দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ মাঠে দারিয়াপুর ইউনিয়ন জামায়াতে ইসলামী আয়োজনে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দারিয়াপুর ইউনিয়ন জামায়াতে ইসলামী আমীর আব্দুল হালিম এর সভাপতিত্বে ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমীর মাওঃ তাজউদ্দিন খান, বিশেষ অতিথি ছিলেন, মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামী আমীর মাওঃ খানজাহান আলী।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামী তারবিয়াত সেক্রেটারি মাও: ফিরাতুল ইসলাম নাঈম, মেহেরপুর জেলা জামায়াতে ইসলামী সমাজকল্যাণ বিষয়ক সেক্রেটারি মোহাম্মদ জারজিস হুসাইন, মুজিবনগর থানা জামায়াতে ইসলামী সেক্রেটারি খাইরুল বাসার, মুজিবনগর থানা জামায়াতে ইসলামী বাইতুল মাল সেক্রেটারি আমির হোসেন, মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামী শ্রমিক কল্যাণ সভাপতি ফজলুল হক গাজী, মুজিবনগর উপজেলা ছাত্রশিবির সভাপতি আবু তালহাসহ দারিয়াপুর ইউনিয়ন জামায়াতে ইসলামীর নেতাকর্মীবৃন্দ উপস্হিত ছিলেন।

মুজিবনগরে উপজেলা সেচ্ছাসেবক দলের ইফতার মাহফিল

মুজিবনগরে উপজেলা স্বেচ্ছাসেবক দলের আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে কেদারগঞ্জ বাজারের মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় মার্কেটের সামনে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

ইফতার মাহফিলে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক ফিরোজ রহমান বিজয়, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইকবাল হাসান, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল ইসলাম, সদর থানা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, সদর থানা যুবদলের যুগ্ম আহ্বায়ক সাইদুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স,

জেলা যুবদলের সহ-সভাপতি মোসাররেফ হোসেন তপু, জেলা যুবদলের সহ-সভাপতি আ: হামিদ সহ উপজেলা সেচ্ছাসেবকদলের নেতাকর্মীবৃন্দ।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ১

মেহেরপুরের মুজিবনগরে পুলিশের বিশেষ অভিযানে মোঃ সাঈদ হাসান নামের এক আসামিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল সোমবার (১৭ মার্চ) রাত ১২টার দিকে জেলার বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেপ্তারকৃত আসামি মেহেরপুরের মুজিবনগর থানার শিবপুর এলাকার

বাসিন্দা এবং মোঃ ফজলুল হকের ছেলে। তার বিরুদ্ধে মামলা নং সিআর ১১৮৩/২৪ (মেহেরপুর) রয়েছে।

পুলিশ জানিয়েছে, গ্রেফতারকৃত ব্যক্তিকে আইনি প্রক্রিয়া অনুসারে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে পুলিশ।

মুজিবনগরে পুলিশের অভিযানে ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার

মেহেরপুরের মুজিবনগরে পুলিশের বিশেষ অভিযানের ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়েছে।

আজ শনিবার অভিযান চালিয়ে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে থেকে পরিত্যক্ত অবস্থায় ৫০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করা হয়।

মুজিবনগর থানার এসআই সাইফুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে সংগীয় ফোর্স নিয়ে উক্ত এলাকায় অভিযান চালানো হয়। অভিযানের সময় ফেলে রাখা অবস্থায় ফেনসিডিলের বোতলগুলো উদ্ধার করা হয়। তবে এ ঘটনায় এখনো পর্যন্ত কাউকে আটক করা সম্ভব হয়নি।

তিনি আরও জানান, মাদকবিরোধী এই ধরনের অভিযান নিয়মিত চলবে এবং মুজিবনগর থানা পুলিশ মাদক নির্মূলে কঠোর অবস্থানে রয়েছে।

মুজিবনগরে বিএনপি’র উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মুজিবনগরে দারিয়াপুর বিএনপির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেলে দারিয়াপুরে মুজিবনগর সরকারী ডিগ্রী কলেজ প্রাঙ্গনে দারিয়াপুর ইউনিয়নের কয়েক হাজার বিএনপি’র নেতাকর্মীর উপস্হিতিতে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম মাষ্টারের সভাপতিত্বে ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহবায়ক কমিটির সদস্য এবং মেহেরপুর জেলা বিএনপি’র (সাবেক) সভাপতি ও সাবেক মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য মাসুদ অরুণ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, আহ্বায়ক কমিটির সদস্য ও মেহেরপুর বার কাউন্সিলের সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদ, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ।

উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, যুগ্ন আহবায়ক শাহিনুর রহমান, যুবদল নেতা আরিফ হোসেন, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির, মেহেরপুর জেলা জজ কোর্টের এপিপি অ্যাডভোকেট সেলিম গাজী, ছাত্রনেতা মিঠুন সহ দারিয়াপুর বিএনপি’র নেতাকর্মীবৃন্দ।

ইফতারের আগে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত ও বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায এবং ছোট্ট শিশু আছিয়ার আত্মার মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত।